



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

১৯ মে ২০২২

এশিয়াটিক সোসাইটির কাউন্সিল সদস্য হলেন বাউবি'র প্রো-উপাচার্য ড. মাহবুবা নাসরীন।



অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি এএসবি ২০২২-২৩ এর কাউন্সিল নির্বাচনে সদস্য নির্বাচিত হয়েছেন। মঙ্গলবার ১৭ মে ২০২২ এশিয়াটিক সোসাইটি প্রাঙ্গনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

অধ্যাপক ড. মাহবুবা নাসরীন বাংলাদেশের বিভিন্ন সরকারি, বেসরকারি বিশ্ববিদ্যালয় ও মেডিকেল নার্সিং কলেজের সিনেট, সিন্ডিকেট ও বোর্ড অব গভর্নরসের সদস্য এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ভিজিটিং প্রফেসর হিসেবে দায়িত্বরত। ড. নাসরীন ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। ২০১২ সালে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এর সহ-প্রতিষ্ঠাতা হিসেবে কাজ শুরু করেন। এরপর ২০২১ এর জুলাই পর্যন্ত তিনি এই ইনস্টিটিউটের পরিচালকের দায়িত্ব পালন করেন। একাধারে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য, বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ, ডাকসু নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা ও ঢাবি শিক্ষক সমিতির কার্যকরী সদস্য ও ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সদস্য ও প্রকাশনা সম্পাদক হিসেবেও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা অ্যাডভাইজরি কমিটি ও বিভিন্ন নীতি নির্ধারনী রাষ্ট্রীয় কমিটির সদস্য।

প্রায় তিন দশক ধরে নারী ও দুর্যোগ বিষয়ে তাঁর গবেষণালব্ধ জ্ঞান, অক্লান্ত কর্মস্পীহা ও অসামান্য অবদানের জন্য ২০১৬ সালে যুক্তরাষ্ট্রের কলোরেডো বিশ্ববিদ্যালয় 'মেরী হ্ফান মায়ার্স' জেন্ডার এন্ড ডিজাস্টার নেটওয়ার্ক পুরস্কারে তাঁকে ভূষিত করা হয়।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)